



## ব্যক্তিগত খরচে স্ট্রীট লাইটের অবস্থান পরিবর্তনের শর্তগুলি

1. DOT, 55 Water Street-এর নির্মাতা ফুটপাথ বিভাগে (Builders Pavement Section) সংশোধিত পরিকল্পনা দাখিল এবং অনুমোদন করিয়ে আনার জন্য আপনার কাছে এটি আবশ্যিক হবে। স্ট্রীট লাইট বিভাগ (Street Light Division) দ্বারা অনুমোদিত হওয়া সমস্ত স্ট্রীট লাইট স্থান পরিবর্তনকে এই পরিকল্পনাগুলি অবশ্যই নির্দেশ করবে।
2. এই বিভাগের নির্দেশ অনুসারে আলোচিত স্ট্রীট লাইট স্থানান্তরকরণের সাথে জড়িত সমস্ত ব্যয় আপনি বহন করবেন এবং এর ফলে উদ্ভূত যে কোনও পরিস্থিতির জন্য নিউইয়র্ক সিটিকে ক্ষয়ক্ষতিবিহীন রাখতে আপনি সম্মত হন।
3. সংযুক্ত করা প্রাথমিক ড্রয়িং-এর নির্দেশ অনুযায়ী বৈদ্যুতিক পরিষেবা স্থানান্তর করার জন্য Consolidated Edison Company এর সাথে আপনার আর্থিক সমঝোতা করা প্রয়োজন হবে। এই বিষয়টিকে ত্বরান্বিত করতে, অনুগ্রহ করে DOT এর প্রতিলিপি সহ আপনার ড্রাইভওয়ে পারমিটের একটি প্রতিলিপি, স্ট্রীট লাইট বিভাগের প্রাথমিক অনুমোদনের চিঠি ও ড্রয়িংটি উপযোগী সংস্থার বৈদ্যুতিক পরিষেবাতে প্রেরণ করুন। বিশদে জানার জন্য অনুগ্রহ করে Con Edison গ্রাহক পরিষেবার সাথে **1-800-75-CONED (1-800-752-6633)** এই নম্বরে বা তাদের ওয়েবসাইটে যোগাযোগ করুন।
4. সমস্ত কাজ অবশ্যই নিউইয়র্ক সিটির লাইসেন্সপ্রাপ্ত ইলেকট্রিশিয়ান দ্বারা করতে হবে। আপনার অবগতির জন্য আমাদের বর্তমান যোগ্যতায়ুক্ত বৈদ্যুতিক ঠিকাদারদের তালিকা নীচে দেওয়া হল:

Hellman Electric	(718) 931-9900	Welsbach Electric	(718) 670-7900
Verde Electric	(914) 664-7000	EJ Electric	(718) 764-3397
Windsor Electrical	(718) 850-6523	Metro Electrical	(718) 439-7476

5. নতুন স্ট্রীট লাইট চালু না হওয়া অবধি, অবশ্যই একটি অস্থায়ী আলো পুরানো স্থানে বা তার কাছাকাছি আপনাদের স্থাপন করতে হবে এবং রক্ষণাবেক্ষণ করতে হবে। শুধুমাত্র ল্যাম্প রক্ষণাবেক্ষণের দায়িত্ব স্ট্রীট লাইট রক্ষণাবেক্ষণ ঠিকাদার বিভাগের এই শর্তে যে ইউনিটগুলি সহজগম্য এবং সাধারণ মানের সিটি সরঞ্জাম।
6. এই নথির নীচে আপনার সংস্থার একজন যথাযথ অনুমোদিত আধিকারিকের স্বাক্ষর করা এবং স্ট্রীট লাইট বিভাগে 34-02 Queens Boulevard, Long Island City, New York 11101, Attention of ফিরিয়ে দেওয়া পূর্বেক্তগুলিতে আপনার সম্মতিপ্রদান জ্ঞাপন করবে। এই সম্পূর্ণ করা এবং স্বাক্ষরিত দলিলটি এবং বৈদ্যুতিক ঠিকাদার ও Con Edison এর সাথে আর্থিক সমঝোতা সন্তোষজনকভাবে সম্পন্ন হয়েছে এই লিখিত বিজ্ঞপ্তি (রসিদ ইত্যাদি) প্রাপ্তির পরে স্ট্রীট লাইট বিভাগ কর্তৃক ঠিকাদার এবং Edison এর কাছে স্ট্রীট লাইট স্থানান্তরের অনুমতি দেওয়া সংক্রান্ত প্রয়োজনীয় আদেশনামাসমূহ জারি করা হবে। সংযুক্ত "প্রাথমিক" ড্রইংটি কেবলমাত্র নতুন পোলার অবস্থানের জন্য এবং এটি কাজ করার জন্য আদেশ নয়। (212) 839-3322 এ বৈদ্যুতিক পরিদর্শন বিভাগের (Electric Inspection Division) সাথে যোগাযোগ করে কাজ শুরু করার কমপক্ষে 48 ঘন্টা আগে অনুগ্রহ করে এই বিভাগকে অবহিত করুন।
7. কাজ শেষ হওয়ার পরে DOT ইন্সপেকশন দ্বারা সম্মতি শংসাপত্র (Compliance Certificate) স্বাক্ষর করা আবশ্যিক।

এই দলিলের একটি প্রতিলিপি নির্মাতা ফুটপাথ বিভাগের ডাইরেক্টরকে প্রেরণ করা হয়েছে। উপরোক্ত শর্তাবলী সন্তুষ্ট করতে ব্যর্থ হলে ফলস্বরূপ আপনার দখলি স্বত্বের শংসাপত্র (CERTIFICATE OF OCCUPANCY) পেতে বিলম্ব হবে।

স্থানান্তরিত পোল(গুলি)-এর অবস্থান: \_\_\_\_\_

সংস্থার নাম: \_\_\_\_\_

চিঠি পাঠানোর ঠিকানা: \_\_\_\_\_

স্বাক্ষর  
(আধিকারিক বা সংস্থা)

শিরোনাম

তারিখ

বৈদ্যুতিক ঠিকাদারের নাম এবং লাইসেন্স #: \_\_\_\_\_